

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd, Website: www.cptu.gov.bd

পত্র নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০১৮.২০-১৫৭

তারিখঃ ০৮/১২/২০২০ খ্রিঃ

বিষয়ঃ ২০২০-২১ অর্থবছরে রবি মৌসুমে বোরো ধানের হাইব্রিড জাতের বীজ ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকের মাঝে বিনা মূল্যে হাইব্রিড বীজ সহায়তা প্রণোদনা কর্মসূচির বীজ সরাসরি পদ্ধতিতে ক্রয়ের বিষয়ে সিপিটিইউ'র মতামত।


সূত্রঃ-কৃষি মন্ত্রণালয়ের পত্র নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০২৮.১৭ (অংশ-২).২৩০; তারিখঃ ০৩/১২/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পিপিএ, ২০০৬ এর ধারা-৩১ এবং পিপিআর, ২০০৮ এর বিধি-৬১ অনুযায়ী পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) অগ্রাধিকারিত। তবে বিশেষ পরিস্থিতিতে নির্দিষ্ট কোন ক্রয়ের ক্ষেত্রে অথবা মূল্যসীমার পরিপ্রেক্ষিতে ক্রয়কারী অন্যান্য ক্রয় পদ্ধতি ব্যবহার করতে পারে।

০২। সূত্রস্থ পত্রে ২০২০-২১ অর্থ বছরে রবি মৌসুমে বোরো ধানের হাইব্রিড জাতের বীজ ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য বীজ ক্রয়ে উন্মুক্ত দরপত্র পদ্ধতি অনুসরণের ক্ষেত্রে বেশ কিছু সীমাবদ্ধতা এবং ঝুঁকির কথা উল্লেখ করা হয়েছে। এ প্রেক্ষাপটে কারণ ও যৌক্তিকতা সাপেক্ষে ক্রয়কারীগণ ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার পূর্বানুমোদনক্রমে অন্যান্য ক্রয় পদ্ধতি অনুসরণ করতে পারে। এ ক্ষেত্রে রাজস্ব বাজেটের আওতায় একজন ক্রয়কারী প্রতিক্ষেত্রে ৩.০০ (তিন) লক্ষ এবং বছরে সর্বোচ্চ ১৫.০০ (পনের) লক্ষ টাকা মূল্যের মধ্যে পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতি ব্যবহার করতে পারে। এ ছাড়া সূত্রস্থ পত্রের বর্ণনা অনুযায়ী বর্ণিত বীজের সরবরাহের ক্ষেত্রে একক ডিলার বা উৎপাদনকারী থাকলে এবং বিধি-৭৬(১)(গ)'র উল্লেখ অনুযায়ী উক্ত একক ডিলারের কোন সুবিধাজনক সাব-ডিলার না থাকলে ক্রয়কারী সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অনুসরণ করতে পারে। এ ছাড়া সূত্রস্থ পত্রের বর্ণনা অনুযায়ী বন্যা, অতিবৃষ্টি এবং কোভিড-১৯ এর সংক্রমণ মোকাবেলার ক্ষেত্রে বিধি-৭৬(১)(গ) এবং ৭৬(২) এর বিধান অনুযায়ী সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণ করা যেতে পারে। উল্লেখ্য, সরাসরি ক্রয় পদ্ধতিতে পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে বিধি-৭৪ এর শর্তসমূহ প্রতিপালনের আবশ্যিকতা রয়েছে।

০৩। সূত্রে উল্লেখিত পত্রের মাধ্যমে বর্ণিত ক্রয়ের বিষয়ে প্রেরিত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হলো।

সচিব
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোহাম্মদ সালাহ উদ্দিন)
উপ-পরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০১

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৩. অফিস কপি।